

৯

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের হরতাল বিরোধী সমাবেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য আমির হোসেন আমু বলেছেন আওয়ামী লীগ কখনো গণআন্দোলন বা গণঅভ্যুত্থানের মাধ্যমে পতিত হয়নি। তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ই আগস্ট আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হয়নি, ক্ষমতাচ্যুত হয়েছিল বাংলার জনগণ, মুক্তিযুদ্ধের চেতনা।

বাংলাদেশ ছাত্রলীগের আয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে হরতালবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় গতকাল বুধবার সন্ধ্যায় তিনি একথা বলেন।

সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ। বাহাদুর বেপারির সভাপতিত্বে সমাবেশে বক্তৃতা করেন অজয় কর খোকন, শাজাহান আলম সাজু, সুজিত রায় নন্দী, লিয়াকত শিকদার, এ কে এম আজিম, দেবাশীষ বিশ্বাস প্রমুখ।

তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ খালেদা জিয়ার উদ্দেশ্যে বলেন, ইংরেজিতে ১১ নম্বর আর অন্য বিষয়ে ফেল করে ট্রানজিট, ট্রান্সমিট কিংবা করিডোর সম্পর্কে মন্তব্য করা আপনার সাজে না কারণ এ শব্দগুলোর বানান এবং উচ্চারণও অনেক কঠিন।